Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২২ পৌষ ১৪৩২

DU in Media

06 January 2026

নয়া দিগন্ত

আমাদের সময়



বাংলাদেশ জিয়ার ইন্তেকালে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে শোক বইয়ে স্বাক্ষর করেন ঢাবি ভিসি ড. নিয়াজ আহমেদ খান ■ নয়া দিগন্ত

তারেক রহমানের সাথে ঢাবি ভিসির সাক্ষাৎ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত সন্ধ্যায় গুলশানে বিএনপি চেয়ারপার্সনের রাজনৈতিক কার্যালয়ে ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সাথে সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে ভিসি জাতীয় ঐক্যের প্রবীণ সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। তিনি বেগম খালেদা জিয়ার রূহের মাগফিরাত কামনা করেন এবং ব্যক্তিগতভাবে তারেক রহমানের প্রতি সমবেদনা জানান। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীলতা ■ ১১ পৃ: ৭-এর কলামে

তারেক রহমানের সাথে

৩য় পৃষ্ঠার পর

ও সার্বিক পরিবেশ বিষয়ে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সাথে গুরুত্বপূর্ণ অংশীজনের নিয়মিত সংলাপের অংশ হিসেবে তিনি এই সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তিনি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান জাতীয় নির্বাচন পূর্ববর্তী ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা ও স্থিতিশীলতা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উদ্যোগ গ্রহণসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি, ডাকসু নির্বাচন-পরবর্তী পরিস্থিতি, শিক্ষা ও গবেষণা কার্যক্রম, আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নতি এবং শিক্ষার্থীদের কল্যাণে সাম্প্রতিক সময়ে গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে অবহিত করেন। এ ছাড়া তিনি জাতীয় ঐক্যের প্রবীণ সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুর পর তার শূন্যতে ঢাকা বিশ্ববিদ্যালয় গৃহীত বিভিন্ন কর্মসূচি সম্পর্কে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে অবহিত করেন।

তিনি বলেন, জাতীয় নির্বাচনের ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীলতার অনেক প্রভাব রয়েছে। বিশ্ববিদ্যালয়ের সার্বিক স্থিতিশীলতা রক্ষা, শিক্ষা ও গবেষণার উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে তিনি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের পরামর্শ ও সহযোগিতা চান।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে সম্ভাব্য সব সহযোগিতার আশ্বাস দেন। এর আগে তিনি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গুলশানে বিএনপি চেয়ারপার্সনের কার্যালয়ে গমনপূর্বক শোক বইয়ে স্বাক্ষর করেন। বিস্তারিত।

তারেক রহমানের সঙ্গে ঢাবি উপাচার্যের সাক্ষাৎ

ঢাবি প্রতিনিধি ●

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। গতকাল সন্ধ্যায় গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এই সাক্ষাৎ হয়।

সাক্ষাৎকালে উপাচার্য সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। এ সময় তিনি বেগম খালেদা জিয়ার রূহের মাগফিরাত কামনা করেন এবং তারেক রহমানের প্রতি সমবেদনা জানান।

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীলতা ও সার্বিক পরিবেশ বিষয়ে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে গুরুত্বপূর্ণ অংশীজনের নিয়মিত সংলাপের অংশ হিসেবে উপাচার্য এই সাক্ষাৎ করেন। এর আগে ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে সংরক্ষিত শোক বইয়ে স্বাক্ষর করেন।

The Country Today
6-1-2026



DU VC meets Tarique Rahman

DU Correspondent

Dhaka University Vice Chancellor Professor Dr. Niaz Ahmed Khan met BNP Acting Chairman Tarique Rahman at the BNP Chairperson's political office in Gulshan on Monday evening.

During the meeting, the Vice Chancellor expressed deep sorrow over the death of former Prime Minister Begum Khaleda Zia, a symbol of national unity. He prayed for the eternal peace of Begum Khaleda Zia and personally expressed his condolences to Tarique Rahman. The Vice

Continued to page 2

দৈনিক বর্তমান
৬-১-২০২৬

তারেক রহমানের সঙ্গে ঢাবি উপাচার্যের সৌজন্য সাক্ষাৎ

বর্তমান প্রতিবেদক



বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। সোমবার সন্ধ্যায় গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সন্ধ্যা ৬টা ৪০ মিনিট থেকে ৭টা ১৫ মিনিট পর্যন্ত চলা এই বৈঠকে ▶▶ এরপর পৃষ্ঠা ২

তারেক রহমানের

প্রথম পাতার পর

বিভিন্ন সমসাময়িক বিষয় নিয়ে আলোচনা হয় বলে জানা গেছে। সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। তিনি জানান, আসন্ন এয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে বিশ্ববিদ্যালয়ের সার্বিক স্থিতিশীলতা ও পরিবেশ বজায় রাখার লক্ষ্যে দেশের প্রধান রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে ধারাবাহিকভাবে মতবিনিময় করা হচ্ছে। এরই অংশ হিসেবে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের সঙ্গে একটি গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে।

উপাচার্য আরও জানান, এ সময় তিনি তারেক রহমানকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি ও সার্বিক অবস্থা সম্পর্কে অবহিত করেন।

DU VC meets Tarique

Chancellor held this meeting as part of the regular dialogue of important stakeholders with leaders of various political parties regarding the stability and overall environment of Dhaka University in view of the upcoming national elections.

Dhaka Mail

তারেক রহমানের সঙ্গে ঢাবি উপাচার্যের সাক্ষাৎ

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৬ জানুয়ারি ২০২৬, ১০:২২ এএম



তারেক রহমানের সঙ্গে ঢাবি উপাচার্যের সাক্ষাৎ। ছবি: ঢাকা মেইল

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান। এ সময় তিনি দলটির চেয়ারপারসন খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং ব্যক্তিগতভাবে তারেক রহমানের প্রতি সমবেদনা জানান।

সোমবার (৫ জানুয়ারি) সন্ধ্যায় রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। পরে রাতে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীলতা ও সার্বিক পরিবেশ বিষয়ে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে গুরুত্বপূর্ণ অংশীজনের নিয়মিত সংলাপের অংশ হিসেবে উপাচার্য এ সাক্ষাৎ করেন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, সাক্ষাতের সময় উপাচার্য নিয়াজ আহমদ খান জাতীয় নির্বাচন পূর্ববর্তী ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা ও স্থিতিশীলতা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃহৎ উন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি, ডাকসু নির্বাচনপরবর্তী পরিস্থিতি, শিক্ষা ও গবেষণা কার্যক্রম, আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নতি এবং শিক্ষার্থীদের কল্যাণে সাম্প্রতিক সময়ে গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে অবহিত করেন।

এ ছাড়া উপাচার্য খালেদা জিয়ার মৃত্যুর পর তাঁর স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গৃহীত বিভিন্ন কর্মসূচি সম্পর্কে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে অবহিত করেন। এ সময় উপাচার্য বলেন, জাতীয় নির্বাচনের ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থিতিশীলতার অনেক প্রভাব রয়েছে। বিশ্ববিদ্যালয়ের সার্বিক স্থিতিশীলতা রক্ষা, শিক্ষা ও গবেষণার উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে উপাচার্য বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের পরামর্শ ও সহযোগিতা চান।

আরও পড়ুন: কিছু সরকারি কর্মকর্তা একটি বিশেষ দলের পক্ষে কাজ করছে: জামায়াত

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে সম্ভাব্য সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। এর আগে উপাচার্য নিয়াজ আহমদ খান বিএনপি চেয়ারপারসের কার্যালয়ে সংরক্ষিত শোকবইয়ে স্বাক্ষর করেন।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২২ পৌষ ১৪৩২

DU in Media

06 January 2026

The Country Today



109 DU students awarded UK Trust Scholarship

DU Correspondent

Some 109 students of the first year undergraduate programs of various departments and institutes of Dhaka University have been awarded scholarships worth 13 lakh 8 thousand taka. Each student has received a one-time scholarship of 12 thousand taka.

This scholarship was provided by the Dhaka University Alumni in the UK Trust Fund on Monday at the Nawab Ali Chowdhury Senate Bhaban Conference Room. Dhaka University Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan was present as the chief guest.

The event was presided over by the University Treasurer, Professor Dr. M. Jahangir Alam Chowdhury, Chairman of Dhaka University Alumni in the UK Trust Fund, and Pro-Vice Chancellor (Administration) Prof Dr. Saima Haque Bidisha, Vice-President of the Executive Continued to page 2

109 DU students awarded

Committee of Dhaka University Alumni in the UK Mirza Asab Beg, General Secretary Barrister Md. Kamrul Hasan, Member Barrister Mohammad Abul Kalam and Former General Secretary Ismail Hossain spoke as special guests. Acting Registrar Munshi Shams Uddin Ahmed conducted the event.

Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan thanked the alumni for providing the scholarship and said, Dhaka University is a social institution. The university runs with the society. Highlighting various initiatives of the Dhaka University administration to increase the university's involvement with the society and strengthen alumni networking worldwide, he said, "We want to advance the education and research of the university by utilizing the alumni."

প্রতিদিনের সংবাদ

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই ইন দ্য ইউকে ট্রাস্ট থেকে বৃত্তি প্রদান

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ডাবি) বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ১০৯ শিক্ষার্থীকে ১৩ লাখ ৮ হাজার টাকা বৃত্তি প্রদান করা হয়েছে। প্রত্যেক শিক্ষার্থী একককালীন ১২ হাজার টাকা করে বৃত্তি লাভ করেছে। ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই ইন দ্য ইউকে ট্রাস্ট ফান্ড থেকে এ বৃত্তি প্রদান করা হয়। গতকাল সোমবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন কনফারেন্স রুমে আয়োজিত এ বৃত্তি প্রদান অনুষ্ঠানে ডাবি ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান প্রধান অতিথি ছিলেন।

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই ইন দ্য ইউকে ট্রাস্ট ফান্ডের চেয়ারম্যান বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রোভিসি চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই ইন দ্য ইউকের নির্বাহী কমিটির সহ-সভাপতি মির্জা আসাব বেগ, সাধারণ সম্পাদক ব্যারিস্টার মো. কামরুল হাসান, সদস্য ব্যারিস্টার মোহাম্মদ আবুল কালাম ও সাবেক সাধারণ সম্পাদক ইসমাইল হোসেন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ অনুষ্ঠান সঞ্চালন করেন। ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান বৃত্তি প্রদানের জন্য অ্যালামনাইদের ধন্যবাদ জানিয়ে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় একটি সামাজিক প্রতিষ্ঠান। সমাজকে নিয়েই বিশ্ববিদ্যালয় চলে। সমাজের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সম্পৃক্ততা বৃদ্ধি এবং বিশ্বব্যাপী অ্যালামনাই নেটওয়ার্কিং আরো সুদৃঢ় করার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিভিন্ন উদ্যোগ তুলে ধরে তিনি বলেন, অ্যালামনাইকে কাজে লাগিয়ে আমরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণাকে এগিয়ে নিতে চাই।

উল্লেখ্য, কলা অনুষদের ২০, বিজ্ঞান অনুষদের ৬, আইন অনুষদের ২, বিজনেস স্টাডিজ অনুষদের ৮, সামাজিক বিজ্ঞান অনুষদের ২০, জীববিজ্ঞান অনুষদের ১১, ফার্মেসি অনুষদের ৫, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ৫, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ৬, চারুকলা অনুষদের ৮ এবং বিভিন্ন ইনস্টিটিউটের ১৮ জনসহ ১০৯ ছাত্র-ছাত্রী এ বৃত্তি লাভ করেন।

দৈনিক শিক্ষাডটকম
dainikshiksha.com

ঢাবিতে পাওয়ারপ্রেনিউর ৪.০ প্রতিযোগিতার গ্র্যান্ড ফিনাল অনুষ্ঠিত

দৈনিক শিক্ষাডটকম, ঢাবি

প্রকাশিত: ০৫ জানুয়ারি, ২০২৬ ১১:৪৮ পূর্বাহ্ন



ঢাকা ইউনিভার্সিটি ইন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট ক্লাব (ডিইউইডিসি) -এর উদ্যোগে পাওয়ারপ্রেনিউর ৪.০ প্রতিযোগিতার গ্র্যান্ড ফিনাল অনুষ্ঠিত হয়েছে।

রোববার (৪ জানুয়ারি) বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. আবদুল্লাহ ফারুক মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।